গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**
**বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা-১২১২**

# “অনলাইনে বিআরটিএ’র বিভিন্ন সেবা নিন, মূল্যবান সময় বাঁচান”

বিআরটিএ সার্ভিস পোর্টাল (বিএসপি-bsp.brta.gov.bd) ব্যবহার করে অনলাইনে মোটরযানের ইঞ্জিন পরিবর্তন, রং পরিবর্তন, টায়ারের সাইজ পরিবর্তন, ফুয়েল টাইপ পরিবর্তনের আবেদন দাখিল করা যায়। সম্প্রতি অনলাইনে মোটরযান মালিকের তথ্য সংশোধনের আবেদন দাখিল করা যাচ্ছে।

**অনলাইনে মালিকের তথ্য সংশোধনের আবেদন দাখিলের প্রক্রিয়া:**

**ধাপ-১:** (বিএসপিতে রেজিস্ট্রেশন): (১) bsp.brta.gov.bd ==> নিবন্ধন বাটনে ক্লিক করুন ==> নাম, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, ইমেইল আইডি এবং পাসওয়ার্ডের তথ্য দিয়ে “নিবন্ধন করুন” বাটনে ক্লিক করুন ।

(২) প্রদত্ত ইমেইলে প্রবেশ করুন ==> BSP থেকে প্রাপ্ত মেইলের ইউজার এক্টিভেশন লিংকে ক্লিক করুন ==> পূর্বে প্রদত্ত সেল ফোন/মোবাইল নম্বর বা ইমেইল আইডি এবং পাসওয়ার্ড প্রদান করে লগ ইন বাটনে ক্লিক করুন ==> মোবাইল/সেল ফোনে প্রাপ্ত One Time Password (OTP) প্রদান করে ভেরিফাই বাটনে ক্লিক করে বিআরটিএ সার্ভিস পোর্টাল সিস্টেমে রেজিষ্টেশন কার্যক্রম সম্পু করুন।

**ধাপ-২:** (মোটরযান সংযুক্তকরণ): পূর্বের বিএসপি একাউন্ট খোলা থাকলে সেই মোবাইল নম্বর বা ইমেইল আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে বিএসপিতে (www.bsp.brta.gov.bd) লগইন করুন ==> মোটরযান সংক্রান্ত মেনুতে ক্লিক করুন ==> মোটরযান সংযুক্তকরণ অপশনে ক্লিক করুন ==> রেজিষ্ট্রেশন নম্বর (শেষ চার সংখ্যা), উৎপাদনের বছর, চেচিস নম্বর ও ইঞ্জিন নম্বরের তথ্য দিয়ে অনুসন্ধান করে "সংযুক্ত করুন" বাটনে ক্লিক করুন।

**ধাপ-৩:** উপরোক্ত সেবার আবেদন দাখিল: মোটরযান সংক্রান্ত মেনুতে ক্লিক করুন ==> মোটরযান মালিকের তথ্য সংশোধনের জন্য আবেদন সাব মেনুতে ক্লিক করুন ==> প্রয়োজনীয় তথ্য সন্নিবেশ করুন==> সংরক্ষণ/দাখিল/সাবমিট বাটনে ক্লিক করুন ==> প্রযোজ্য ফি জমা দিন।

**ধাপ-৪:** সন্তোষজনক তথ্যের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ কর্তৃক কাঙ্খিত তথ্য পরিবর্তনের অনুমোদন প্রদান করা হবে এবং আবেদনকারী তার বিএসপি একাউন্টে প্রবেশ করে কিউআর কোড সংবলিত একনলজেমন্টে স্লিপ ডাউনলোড করে প্রিন্ট করে মোটরযান চালনার কাজে ব্যবহার করতে পারবেন।

**ধাপ-৫:** নতুন ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রিন্টপূর্বক সরবরাহের জন্য প্রস্তুত হলে তা সংগ্রহের জন্য আবেদনকারীর সেল ফোনে মেসেজ প্রেরণ করা হবে।

**বিআরটিএ সার্ভিস পোর্টাল(বিএসপি)-এর সাপোর্ট সেন্টার নম্বর ১৬১০৭ অথবা ০৯৬১০৯৯০৯৯৮**
**(সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন বিএসপি সংক্রান্ত সাপোর্ট পাওয়া যাবে)**

**বিআরটিএ**